

নাম: হযরত বিল্লাল

জন্ম তারিখ: ৮ মে, ২০০৪

শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা : ঝালমুড়ি বিক্রয়, শাহাদাতের স্থান : যাত্রাবাড়ী, ঢাকা।

শহীদের জীবনী

শহীদ হযরত বিল্লাল নারায়ণগঞ্জ জেলার জামপুর ইউনিয়নের কলতাপাড়া গ্রামে জন্মগ্রহণ করেছিলেন ২০০৪ সালের ৮ মে। তিনি বাবার সাথে নারায়ণগঞ্জ শহরে ভেলপুরি ও ঝাল মুড়ি বিক্রি করতেন। ভেলপুরি ও ঝাল মুড়ি বিক্রি করলেও ভাগ্যের পরিবর্তনের জন্যই বিদেশে যাবারও পরিকল্পনা করেছিলেন। বিদেশ যাওয়ার জন্য পাসপোর্ট তৈরিসহ প্রয়োজনীয় প্রস্তুতি নিয়েছিলেন। নভেম্বর মাসে ছিল তার সম্ভাব্য ফ্লাইট। কিন্তু তার আগেই ৫ আগস্ট ২০২৪ সালে বিজয়ের পূর্বমুহুর্তে যুবলীগ, ছাত্রলীগ, পুলিশ ও বিজিবির সম্মিলিত আক্রমণে গুলিবিদ্ধ হয়ে শাহাদাত বরণ করেন।

শাহাদাতের প্রেক্ষাপট

পতিত স্বৈরাচার খুনি হাসিনাকে প্রতিরোধ করতে যেন বাংলাদেশের জনসাধারণ ঘরে ঘরে দুর্গ গড়ে তুলেছিলেন। নিরস্ত্র মানুষেরা খালি হাতে, কেউবা শুধুমাত্র লাঠিকে সম্বল করে রাস্তায় নেমে এসেছিলেন। ৫ আগস্ট ছিল স্বৈরাচার খুনি হাসিনার শাসনামলের শেষ দিন। এদিন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্বদ্বন্দ্ব মার্চ টু ঢাকা কর্মসূচির ঘোষণা দেন। বাংলাদেশের আর সব মুক্তিকামী জনতার সাথে শহীদ বিল্লাল মার্চ টু ঢাকা কর্মসূচিতে অংশগ্রহণ করেছিলেন। বৈষম্যবিরোধী ছাত্র-জনতার সাথে তিনি যাত্রাবাড়ী মেয়র হানিফ টোল প্লাজায় অবস্থান গ্রহণ করেন। বিজয়ের একেবারে পূর্ব মুহুর্তে দুপুর ১টার দিকে যাত্রাবাড়ী এলাকায় যুবলীগ, ছাত্রলীগ, আওয়ামী লীগ, পুলিশ ও বিজিবি মুক্তিকামী ছাত্র জনতার উপর সশস্ত্র আক্রমণ করে। একটি গুলি শহীদ বিল্লালের কপালে আঘাত করলে তিনি মাটিতে লুটিয়ে পড়েন। গুলিবিদ্ধ শহীদ বিল্লালকে স্থানীয় জনগণ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসাধীন অবস্থায় ঐদিন রাত বারোটোর সময় শহীদ বিল্লাল শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

শহীদ পরিবারের বিশেষ তথ্য

শহীদ হযরত বিল্লাল জন্মগ্রহণ করেছিলেন একেবারে নিঃস্ব পরিবারে। বাবা মোঃ হোসেনের ভিটে বাড়ি এবং জমিজমা কিছুই নেই। ছেলেদের সাথে নিয়ে মোহাম্মদ হোসেন ফুটপাতে ভেলপুরি ও ঝালমুড়ি বিক্রি করতেন। নারায়ণগঞ্জ শহরের ছোট্ট একটি বাসা ভাড়া নিয়ে কোনোরকম দিনানীপাত করতেন। দুই ভাইয়ের মধ্যে একজনের নাম আল মামুন (২৪)। সে ফুটপাতে ব্যবসা করে। অপর ভাই চান মানিক (১৬) বেকার। বাসস্থান ও কর্মসংস্থানে পরিবারটিকে সহায়তা করলে তারা উপকৃত হবেন।

ব্যক্তিগত প্রোফাইল

নাম : শহীদ হযরত বিল্লাল

পিতার নাম : মোঃ হোসেন (৫৩)

মাতার নাম : তছলিমা বেগম

জন্ম তারিখ : ৮ মে ২০০৪

স্থায়ী ঠিকানা : গ্রাম- কলতাপাড়া, ইউনিয়ন: জামপুর, থানা: সোনারগাঁও, জেলা: নারায়ণগঞ্জ

বর্তমান ঠিকানা : মক্কা নগর, সিআই খোলা, প্রাইনাদি পূর্ব পাড়া, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

বৈবাহিক অবস্থা : অবিবাহিত

আহত হওয়ার স্থান : যাত্রাবাড়ী, ঢাকা

আহত হওয়ার সময়কাল : ৫ আগস্ট ২০২৪

শহীদ হওয়ার সময় : দুপুর ১:০০ মিনিট

যাদের আক্রমণে শহীদ : আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ, পুলিশ এবং বিজিবি প্রস্তাবনা

১. শহীদ পরিবারের জন্য একটি স্থায়ী আবাসন তৈরি করে দেওয়া

২. শহীদের পরিবারের জন্য নিয়মিত ভাতার ব্যবস্থা করা

৩. শহীদের পিতা এবং ছোট দুই ভাইয়ের উপার্জনের উৎস তৈরি করে দেওয়া